তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

----

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০৯৫.৩৪.০০২৩.২৩.১৫৫৯

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

**অফিস আদেশ**

| বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|
| প্রকৌ. আবির খান রাতুল<br>পিতাঃ মো. জহির উল্লাহ<br>বাঁধন কোয়ার্টার, ফ্লাট নং-৩০৩, সিআরপি, চাঁপাইন, সাভার ঢাকা-১৪৪৩<br>email: axr2656@mavsuta.edu | প্রকৌ. আবির খান রাতুল<br>পিতাঃ মো. জহির উল্লাহ<br>গ্রামঃ রামগঞ্জ, ডাকঘরঃ কর্তারহাট<br>উপজেলাঃ রামমোহন<br>জেলাঃ ভোলা-৮৩৩০। |

যেহেতু, কোম্পানির কর্মকর্তা প্রকৌ. আবির খান রাতুল (০১৯২৬), উপব্যবস্থাপক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত অফিস আদেশ (G.O.) নং: ২৮.০০.০০০০.০২০.২৫.০০১.১৯.২৪৩০, তারিখ: ০৮/০১/২০২৪ এর মাধ্যমে মঞ্জুরকৃত ০২ (দুই) বছরের শিক্ষা ছুটির মেয়াদ গত ০৭/০১/২০২৬ তারিখে শেষ হলেও অদ্যাবধি বিধিবহির্ভূতভাবে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাছাড়া অভিযুক্ত কর্মকর্তার ২৫/১১/২০২৫, ০৬/০১/২০২৬ ও ০৫/০২/২০২৬ তারিখে শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধির আবেদনের বিপরীতে ছুটির মেয়াদ বর্ধিত করা সম্ভব নয় মর্মে পদধারীকে অবহিত করা হলেও পদধারী ০৮/০১/২০২৬ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

২। যেহেতু, পদধারী অনুমতিসহ দেশত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করছেন; এবং

৩। যেহেতু, পদধারীর উক্তরূপ কার্যকলাপ কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা-৩৮(খ) ও ৩৮(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর পর্যায়ভুক্ত দন্ডযোগ্য অপরাধ; এবং

৪। যেহেতু, উল্লিখিত অভিযোগে পদধারীর বিরুদ্ধে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২/২৬ (কর্মকর্তা) রুজু করে পত্র স্মারক নং-২৮.১৩.০০০০.০০০.১০০.২৭.০০২.২৬/১০৯, তারিখ: ১২/০৩/২০২৬ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে এবং ই-মেইলে প্রেরণ করা হয় এবং অভিযোগনামার জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে আগ্রহ প্রকাশ করেননি; এবং

৫। যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে পদধারীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা-৪২ এর উপধারা-(৩) মোতাবেক কোম্পানির পত্র স্মারক সূত্র নং- ২৮.১৩.০০০০.০০০.১০০.২৭.০০২.২৬/১৪০, তারিখ: ২০/০৪/২০২৬ এর মাধ্যমে একটি বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয় এবং উক্ত তদন্ত কমিটি ১৬/০৬/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে পদধারীকে অভিযোগনামায় আনীত অভিযোগে দোষী সাব্যস্ত করেছেন; এবং

৬। যেহেতু, তদন্ত প্রতিবেদনে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক যথাক্রমে

‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বর্ণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে পদধারীর বিরুদ্ধে গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং একই প্রবিধানমালার ৪২ (৬) ধারা মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য ০২/০৭/২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়; এবং

৭। যেহেতু, পদধারীর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

৮। সেহেতু, কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযুক্ত কর্মকর্তা প্রকৌ. আবির খান রাতুল (০১৯২৬), উপব্যবস্থাপক-কে একই প্রবিধানমালার ৩৯(১)(খ)(ঈ) ধারা মোতাবেক “চাকুরী হইতে বরখাস্ত” সূচক গুরুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ ০৮/০১/২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

২৬-০৭-২০২৬
শাহনেওয়াজ পারভেজ
ব্যবস্থাপনা পরিচালক
ফোন : +৮৮০২৪১০১০৩৬৩
ফ্যাক্স : ৮৮-০২-৮১৪২২৫০
ইমেইল : mdtitasgas@titasgas.org.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০৯৫.৩৪.০০২৩.২৩.১৫৫৯/১ (৮)

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক, মানব সম্পদ ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
২। উপমহাব্যবস্থাপক, কল্যাণ বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
৩। উপমহাব্যবস্থাপক, কর্মী সম্পর্ক বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
৪। উপমহাব্যবস্থাপক, বেতন ও অবসর বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
৫। উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
৬। উপমহাব্যবস্থাপক, প্রি-অডিট বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
৭। উপমহাব্যবস্থাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।
৮। ব্যবস্থাপক (একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।

২৬-০৭-২০২৬
শাহনেওয়াজ পারভেজ
ব্যবস্থাপনা পরিচালক